# সংবাদ প্রতিদিন

sangbadpratidin.in
epratidin.in | ১৬ চৈত্র ১৪৩১ | ৬.০০ টাকা | * | কলকাতা সংস্করণ | রবিবার | ৩০ মার্চ ২০২৫ | ভিতরে ছুটি সঙ্গে রোববার ম্যাগাজিন | পরিষ্কার আকাশ | সর্বনিম্ন ২৮°/৩৬° সর্বাধিক | ১০ পাতা





প্রশ্ন
ধোনি কেন
নয় নম্বরে
উঠছে প্রশ্ন
১০



ছুটি
কিং Liar
নৃসিংহপ্রসাদ ভাদুড়ী
৬




## সফল সফর শেষ করে কলকাতায় ফিরলেন মমতা

# ‘আমাদের কাজ ওদের ঈর্ষা, যত কুৎসা তত বেশি উন্নয়ন’


কুণাল ঘোষ


কিংশুক প্রামাণিক

**লন্ডন, দুবাই, কলকাতা মুখ্যমন্ত্রীর সফরসঙ্গী**

‘কাজ দিয়েই ওদের হিংসার জবাব দেব’ বলে সফল লন্ডন সফর শেষে জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নাম না করে বিরোধীদের তীব্র আক্রমণ করে মুখ্যমন্ত্রীর স্পষ্ট বার্তা, ‘‘আমাদের কাজ, ওদের ঈর্ষা। যত কুৎসা তত বেশি উন্নয়ন’’।

কর্মময় ও বর্ণময় ঐতিহাসিক সফর শেষে শনিবার সন্ধ্যায় কলকাতা ফিরে এলেন মুখ্যমন্ত্রী। এবারের সফরে প্রবাসী বাঙালি-ভারতীয়, বিলেতবাসী থেকে শুরু করে অক্সফোর্ডের অধ্যাপক-গবেষক-পড়ুয়ারা তাঁকে বিরল সম্মান দিয়েছেন। এবারের লন্ডন সফরে দেশ-বিদেশের সকলেই তাঁকে যে স্বতঃস্ফূর্ত অভ্যর্থনা দিয়েছেন, তা ভারতীয় যে কোনও নেতা বা নেত্রীর ক্ষেত্রে অতীব গৌরবের। বলতে দ্বিধা নেই, তাঁকে ঘিরে এই সম্মান শুধু মমতার একার নয়, এই সম্মান বাংলারও। কারণ, মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়েছিল ‘বাংলায় নারীর ক্ষমতায়নে’র সাফল্য নিয়ে বক্তব্য রাখার জন্য। শিক্ষা-স্বাস্থ্য-প্রযুক্তি-স্পোর্টস-সহ বিভিন্ন ক্ষেত্রে বিদেশি লগ্নি থেকে শুরু করে বাংলার সঙ্গে বিলেতের সমন্বয় একধাক্কায় অনেকটাই বাড়িয়ে দিল মুখ্যমন্ত্রীর এই সফর। খোদ লন্ডনে নিযুক্ত ভারতীয় হাইকমিশনারও মুখ্যমন্ত্রীর কাজের এবং বাংলায় শিল্প-বান্ধব পরিবেশের ভূয়সী প্রশংসা করেছেন। হাইকমিশনারের এই ভূমিকাও বাংলাকে বিশ্ববাসীর কাছে আরও গৌরবান্বিত করেছে। সফরকারী প্রতিনিধিদের কাছে ফেরার পথে মুখ্যমন্ত্রী বলেছেন, এবারের লন্ডন সফর নিয়ে তিনি সন্তুষ্ট।

ফেরার পথে হিথরো ও দুবাই বিমানবন্দরে প্রতিনিধি দলের সঙ্গে মুখ্যমন্ত্রীর আলাপচারিতায় অক্সফোর্ডের আমন্ত্রণে ভাষণ থেকে শুরু করে সফল বাণিজ্য সম্মেলন-সহ সফরের নানা বিষয় উঠে আসে। সেখানেই কেলগ কলেজের প্রেক্ষাগৃহে ভাষণ চলাকালীন জনা তিন-চার রাম-বামের অসভ্যতাকে যে হলের সিংহভাগ শ্রোতাই তাড়িয়ে দিয়েছেন, তাও উল্লেখিত হয়। আর সেখানেই মমতা নাম না করে বাংলার বিরোধীদের তীব্র আক্রমণ করে বলেন, “ওরা যত চক্রান্ত করবে, যত বাধা দেবে, তত আমরা এগিয়ে যাব। মানুষকে সঙ্গে নিয়ে, মানুষের প্রয়োজন মিটিয়ে বিপুল উন্নয়ন-কর্মযজ্ঞ বাস্তবায়িত করব। আর সেই কারণে প্রতি পদে, সব জায়গায়, সর্ব ক্ষেত্রে ওদের এই হিংসা-ঈর্ষার জবাব দেবে বাংলার সাধারণ মানুষ। ওরা (বিজেপি) কেন্দ্রের ক্ষমতায় থেকে যত বাংলার গৌরবকে খর্ব করার চেষ্টা করবে, আমরা তত পশ্চিমবঙ্গকে বিশ্বসভায় প্রতিষ্ঠিত করব।” অক্সফোর্ডে ভাষণের সময় মাত্র ছ’পিস রাম-বামের অসভ্যতা প্রসঙ্গে মুখ্যমন্ত্রীর মন্তব্য, “এসবের জন্যই সিপিএম আরও তলানিতে চলে যাচ্ছে। ওদের কাজকর্মের জন্যই মানুষ শূন্য করে দিয়েছে।” বামের সঙ্গে রামের বোঝাপড়া এবং বাংলা-বিরোধী কেন্দ্রের চক্রান্তের ইস্যুও ওঠে এসেছে মুখ্যমন্ত্রীর আক্রমণাত্মক বক্তব্যে। বলেছেন, “মানুষের কাছে প্রত্যাখ্যাত হয়ে বিজেপি রাজনৈতিক ষড়যন্ত্র করে বাংলার প্রতি ধারাবাহিক বঞ্চনা করে যাচ্ছে। মানুষ সবই বুঝতে পারছে। তবে ওরা যাই করুক না কেন, আমাদের কোনওদিনই বাংলার উন্নয়নের পথ থেকে সরাতে পারবে না।”

অক্সফোর্ডে ‘বাংলায় নারীর ক্ষমতায়ন’ নিয়ে বক্তব্য রাখার আমন্ত্রণ থাকলেও মুখ্যমন্ত্রীর উদ্যোগে লন্ডনের বাণিজ্য সম্মেলন বাংলার জন্য একাধিক সুখবরের বার্তা এনে দিতে চলেছে। কারণ, ইতিমধ্যে লন্ডনের সঙ্গে কলকাতার সরাসরি উড়ান এবং কলকাতায় অক্সফোর্ডের একটি ক্যাম্পাস চালু করার জন্য মুখ্যমন্ত্রী অত্যন্ত তৎপর হয়েছেন। সপ্তাহে অন্তত দু-দিন কলকাতা থেকে বিলেত যাওয়ার বিমান চালুর জন্য ব্রিটিশ বিমান সংস্থাকে অনুরোধ করেছেন মুখ্যমন্ত্রী। আর অক্সফোর্ডের কলকাতা ক্যাম্পাসের জন্য তিনি যে কতটা উদগ্রীব হয়ে আছেন তা জানিয়ে মমতা বলেছেন, যেদিন হ্যাঁ বলবেন, পরদিনই জমি দিয়ে দেব। লন্ডন থেকে রওনা হওয়ার আগে শিল্প সম্মেলনে ব্রিটিশ যে সমস্ত বিনিয়োগকারীর সঙ্গে কথা হয়েছে, সেগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নির্দেশ দেন তিনি। সফরসঙ্গী মুখ্যসচিব মনোজ পন্থ ও শিল্পসচিব বন্দনা যাদবকে লন্ডনে যে সমস্ত বাণিজ্য বৈঠক হয়েছে, তার ‘ফলোআপ’ দ্রুত কার্যকর করতে বলেন।

পাঁচের পাতায়


■ লন্ডন থেকে ফেরার পর কলকাতা বিমানবন্দরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার। —কৌশিক দত্ত


■ লন্ডনে মুখ্যমন্ত্রী। ছবি : কুণাল ঘোষ।

> **ওরা কুৎসা ও চক্রান্ত করছে, আমরা বাংলাকে উন্নয়নে বিশ্বের দরবারে তুলে ধরছি।**
>
> মমতা বন্দ্যোপাধ্যায়

## এক ঝলক

### দক্ষিণবঙ্গে আজও চলবে তাপপ্রবাহ



■ কলকাতা : আজ, রবিবারও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান ও বীরভূমে রবিবার প্রবল তাপপ্রবাহ হবে বলে পূর্বাভাস। ১ এপ্রিল থেকে তাপমাত্রা কিছুটা কমতে পারে। তবে আগামী চার-পাঁচদিন বৃষ্টির সম্ভাবনা নেই।

### কাঁথির ব্যাঙ্কে বড় জয় তৃণমূলের

■ কাঁথি : কাঁথি কৃষি সমবায় ব্যাঙ্কের নির্বাচনে শনিবার বিপুল জয় পেল তৃণমূল। যে ৭৮টি আসনে ভোট হয়েছে, তার সবক’টি তৃণমূলের দখলে এসেছে। বিজেপি-সহ বিরোধীরা নিশ্চিহ্ন হয়ে গিয়েছে। এদিন এই ভোট ঘিরে উত্তেজনা তৈরি হয়। আক্রান্ত হন প্রাক্তন মন্ত্রী তথা তৃণমূল বিধায়ক অখিল গিরি।

### বিহারে তান্ত্রিকের বলি এক বৃদ্ধ

■ পাটনা : তান্ত্রিকের নির্দেশে এক বৃদ্ধকে গলা কেটে তাঁর দেহ আগুনে পুড়িয়ে দেওয়া হল বিহারের ঔরঙ্গাবাদে। মৃতের নাম যুগল যাদব। দোলের আগের দিন থেকে তাঁর হদিশ মিলছিল না। পরে হাড় উদ্ধারের খবর পেয়ে তদন্তে সত্যিটা জানা যায়। তান্ত্রিক পলাতক। তাঁর আত্মীয়সহ চারজন গ্রেপ্তার হয়েছে।

## ভারতের ত্রাণ নিয়ে ‘অপারেশন ব্রহ্ম’


■ ভূমিকম্পে মান্দালয়ে ভেঙে পড়েছে একটি প্যাগোডা। শনিবার মায়ানমারে।

# ভূকম্পে মৃত্যু ছাড়াল ১৬০০

**ইয়াঙ্গন ও ব্যাংকক :** চারদিকে শুধু বাড়ির ধ্বংসস্তূপ। আর প্রিয়জনকে হারানোর ডুকরে ওঠা কান্না। মায়ানমারের মান্দালয়ে ভূমিকম্পের জেরে মৃতের সংখ্যা ষোলোশো ছাড়াল। আহতের সংখ্যা প্রায় আড়াই হাজার। আশঙ্কা, ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে রয়েছে আরও কয়েক হাজার মানুষের নিথর দেহ। মায়ামনারে বিপর্যয়ের চেহারা দেখে আমেরিকার একটি জিওলজিক্যাল সার্ভে দাবি করেছে, সে দেশে মৃতের সংখ্যা দশ হাজার ছাড়াতে পারে। শনিবারও মায়ানমারে ভূমিকম্প হয়। রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ছিল ৫.৯।

গত শুক্রবার দুপুরে মায়ানমারের ৭.৭ মাত্রায় পরপর ভূমিকম্পের রেশ পৌঁছে যায় পড়শি দেশ থাইল্যান্ডের ব্যাংকক, ভারতের মেঘালয়, মণিপুর, বাংলাদেশের ঢাকা, চট্টগ্রাম ও চিনেও। ইতিমধ্যেই প্রতিবেশী রাষ্ট্রের জুন্টা সরকারের প্রধান সিনিয়র জেনারেল এইচ ই মিন অং লাইংয়ের সঙ্গে ফোনে কথা হয়েছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির।

পাঁচের পাতায়

**ধ্বংসস্তূপ মায়ানমার**




■ মৃতের সংখ্যা বেড়েই চলেছে মায়ানমারে।

■ শনিবার ফের ভূমিকম্প হয়। রিখটার স্কেলে মাত্রা ছিল ৫.৯।

## নারী নিগ্রহের প্রতিবাদীকে খুনে তুতো ভাইয়ের ফাঁসি

**নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি :** মহিলাদের কটূক্তি করায় প্রতিবাদ করায় নিজের মামাতো দাদাকেই কুপিয়ে খুন করেছিল অভিযুক্ত ভাই। শনিবার অভিযুক্তকে ফাঁসির সাজা শোনাল জলপাইগুড়ি আদালত। আদালতের রায়ে খুশি নিহত যুবকের পাড়া প্রতিবেশী ও বন্ধুরা। ২০২১ সালের ৪ মার্চ এনজেপি থানার মধ্য শান্তিনগর এলাকার ঘটনা। জলপাইগুড়ি আদালতের সহকারী সরকারি আইনজীবী শুভঙ্কর চন্দ জানান, সাতসকালে চায়ের দোকানে নিজের পিসতুতো ভাই সুরেশ রায়ের ধারালো অস্ত্রের আঘাতে খুন হন পেশায় রাজমিস্ত্রি শঙ্কর দাস (২৮)। তদন্তে উঠে আসে এলাকার মহিলাদের কটূক্তি করত সুরেশ রায় (২৪)। তারই প্রতিবাদ করেছিলেন শঙ্কর। তাতেই প্রচণ্ড ক্ষিপ্ত হয়ে সাতসকালে চায়ের আড্ডায় ধারালো অস্ত্র দিয়ে ১৮ বার দাদার শরীরে আঘাত করে অভিযুক্ত। দাদার হার্ট, লিভার, কিডনি ছিন্নভিন্ন করে দেয় সুরেশ। এদিন বিচারের দাবিতে পোস্টার হাতে জলপাইগুড়ি আদালতে উপস্থিত শঙ্করের বন্ধু প্রণবকুমার দাদ জানান, অতি সহজ সরল ছেলে ছিল শঙ্কর। পাড়া প্রতিবেশীরা সবাই ওঁকে ভালোবাসত। নৃশংস এই হত্যার ঘটনায় স্তম্ভিত হয়ে গিয়েছিলেন সবাই। ঘটনার দিনই অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ। ফাঁসির দাবিতে সরব হয়েছিলেন এলাকার বাসিন্দারা। অবশেষে চার বছরের মাথায় মিলল সুবিচার। সহকারী সরকারি আইনজীবী জানান, মামলায় ১২ জনের সাক্ষ্য ও একাধিক প্রমাণের ভিত্তিতে জলপাইগুড়ি আদালতের অ্যাডিশনাল থার্ড কোর্টের বিচারক বিপ্লব রায় দোষী সাব্যস্ত করে সুরেশ রায়কে ফাঁসির সাজা শুনিয়েছেন।





